# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬৪১

২০/ পানীয় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৪৩৩. নেশার বস্তু ব্যবহারে নিষেধাজ্ঞা সম্পর্কে।

باب النَّهْىِ عَنِ الْمُسْكِرِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةَ، ـ رضى الله عنها ـ قَالَتْ سُئِلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْبِتْعِ فَقَالَ " كُلُّ شَرَابٍ أَسْكَرَ فَهُوَ حَرَامٌ " . قَالَ أَبُو دَاوُدَ قَرَأْتُ عَلَى يَزِيدَ بْنِ عَبْدِ رَبِّهِ الْجُرْجُسِيِّ حَدَّثَكُمْ مُحَمَّدُ بْنُ حَرْبٍ عَنِ الزُّبَيْدِيِّ عَنِ الزُّهْرِيِّ بِهَذَا الْحَدِيثِ بِإِسْنَادِهِ زَادَ وَالْبِتْعُ نَبِيذُ الْعَسَلِ كَانَ أَهْلُ الْيَمَنِ يَشْرَبُونَهُ . قَالَ أَبُو دَاوُدَ سَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ يَقُولُ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ مَا كَانَ أَثْبَتَهُ مَا كَانَ فِيهِمْ مِثْلُهُ يَعْنِي فِي أَهْلِ حِمْصَ يَعْنِي الْجُرْجُسِيَّ .

বাংলা

৩৬৪১. আবদুল্লাহ ইবন মাসলামা (রহঃ) .... আইশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মধুর তৈরী শরাব সম্পর্কে জিজ্ঞাসা করে। তিনি বলেনঃ যে শরাব পানে নেশার সৃষ্টি হয়, তা হারাম।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেনঃ যুহরী (রহঃ) এ হাদীসটি উপরোক্ত সনদে বর্ণনা প্রসঙ্গে এতটুকু বৃদ্ধি করেছেন যে, 'মধুর তৈরী শরাবকে বিতউ' বলা হয়। যা ইয়ামানের অধিবাসীরা পান করতো।

ইমাম আবূ দাঊদ (রহঃ) আরো বলেনঃ আমি ইমাম আহমদ ইবন হাম্বল (রহঃ) কে বলতে শুনেছি যে, ইয়াযীদ ইবন আবদ রাব্বিহি জারজাসী, যিনি এ হাদীছের বর্ণনাকারী, আল্লাহ্ ছাড়া আর কোন ইলাহ নেই, তিনি দুঢ়চিত্তের অধিকারী এবং নির্ভরযোগ্য ব্যক্তি ছিলেন। হিমসের অধিবাসীদের মধ্যে তাঁর ন্যায় আর কেউ-ই ছিলেন না, অর্থাৎ জারজাসীর ন্যায়।

## English

’A’ishah said :

The Messenger of Allah (ﷺ) was asked about bit’. He replied: Every liquor which intoxicates is forbidden.

Abu Dawud said: I read out this tradition to Yazid bin 'Abd Rabbihi al-Jurjisi. Muhammad bin Hard told you this tradition from al-Zabidi from al-Zuhri through his chain of narrators. This version added: Bit' is the nabidh from honey, which the people of the Yemen would drink.

Abu Dawud said: I heard Ahmad bin Hanbal say: There is no god but Allah. there was none stronger in memory and like al-Jurjisi among the people of Hims.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35748

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন